



# অভিবাসী শ্রমিকদের স্বাস্থ্য অধিকার ও বিমা পলিসি



একজন শ্রমিক অর্থনৈতিক ও সামাজিকভাবে উন্নতি লাভের জন্যেই পরিবার-পরিজন ছেড়ে অন্য দেশে অভিবাসন করে থাকেন। তথাপি অভিবাসী জীবনের প্রতিটি পর্যায়ে একজন শ্রমিকের অভিজ্ঞতা সুখকর/ইতিবাচক নাও হতে পারে। নিয়োগকর্তা, সহকর্মী, অন্য কোনো ব্যক্তি, নিজের অজ্ঞানতা, অসচেতনতা, অবহেলা বা অন্য কোনো কারণে একজন শ্রমিক ঝুঁকির সম্মুখীন হতে পারেন কিংবা বিপদে পড়তে পারেন, যা তার মানবাধিকার ও স্বাস্থ্য অধিকার ক্ষুণ্ণ করে।

মানুষ হিসেবে প্রত্যেক অভিবাসী শ্রমিকের মানবাধিকার ও স্বাস্থ্য অধিকার আন্তর্জাতিকভাবে স্বীকৃত। আর শ্রমিকের অধিকার সম্মুল্লত ও রক্ষা করার জন্য আন্তর্জাতিক পর্যায়ে অনেক আইন গৃহীত হয়েছে, যা কনভেনশন/চুক্তি নামে পরিচিত।

বাংলাদেশের অভিবাসী শ্রমিকগণ সাধারণত যে সকল দেশে অভিবাসন করে থাকেন তাদের অধিকাংশই উল্লিখিত আন্তর্জাতিক চুক্তির/আইনের সদস্য নয়। ফলে যে সকল দেশ এসব চুক্তির সদস্য নয়, তাদের জন্য এসব চুক্তির শর্তগুলো মানা বাধ্যতামূলক নয়। তবে এখানে একথাও মনে রাখা প্রয়োজন যে, শ্রমিকের অধিকার যখন লঙ্ঘিত হয় তখন নিজ দেশ, আন্তর্জাতিক সম্প্রদায় ও মানবাধিকার সংস্থাগুলো অনেক/বিশেষ বিশেষ ক্ষেত্রেই এই সকল আন্তর্জাতিক চুক্তির/আইনের মাধ্যমে শ্রমিকের অধিকার রক্ষায় সচেষ্ট হয়।

## আপনার স্বাস্থ্য সেবা অধিকার

আন্তর্জাতিক মানবাধিকারের আইন অনুসারে, প্রত্যেকেরই সর্বোচ্চ ও গুণগত শারীরিক ও মানসিক স্বাস্থ্যসেবা পাবার অধিকার রয়েছে, স্বাস্থ্যের অধিকারের একটি মূল বিষয় হলো স্বাধীনভাবে স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার, যেখানে সকল প্রকার নির্যাতন এবং নিষ্ঠুর, অমানবিক ও অবজ্ঞাপূর্ণ আচরণ থেকে মুক্তি এবং স্বাস্থ্যের অধিকারের উপলব্ধি এবং সুরক্ষার নিশ্চয়তা রয়েছে, এ ছাড়াও প্রতিটি রাষ্ট্রের জন্য পর্যাপ্ত স্বাস্থ্যসেবা সরবরাহের বাধ্যবাধকতা রয়েছে।

স্বাস্থ্য অধিকার সম্পর্কে আপনার জানার অধিকার রয়েছে যে

- সেবাকেন্দ্র এবং এর সকল সেবা সম্পর্কে বিস্তারিত তথ্য জানার অধিকার
- চিকিৎসা ও পরিবার পরিকল্পনা পদ্ধতি পছন্দ করার অধিকার
- জরুরি প্রয়োজনে তাড়াতাড়ি সেবা পাবার অধিকার
- নিরাপদ ও ধারাবাহিক সেবা পাবার অধিকার
- গোপনীয়তা রক্ষার অধিকার
- প্রাপ্ত সেবা সম্পর্কে বিস্তারিত তথ্য জানার অধিকার
- মর্যাদা লাভ, মতামত দানের ও আন্তরিক পরিবেশ পাওয়ার অধিকার
- কোন কারণে অধিকার রক্ষিত না হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো ও প্রতিকার পাবার অধিকার
- প্রাপ্ত সেবা সম্পর্কিত রেকর্ডের কপি পাওয়ার অধিকার

## বিদেশগামী কর্মীদের সুরক্ষায় বিমা পলিসি

বিদেশগামী কর্মীদের সুরক্ষার জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষ থেকে বাধ্যতামূলক বিমা পলিসি চালু করা হয়েছে। বিদেশগামী এবং প্রবাসী বাংলাদেশি কর্মীদের সুরক্ষায় দুই ধরনের বিমা পরিকল্পনা চালু করে গত ২৫ নভেম্বর ২০১৯ পরিপত্র জারি করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

প্রবাসী কর্মী বিমা নীতিমালা অনুসারে, বিদেশগামী কর্মীদের এই বিমা পরিকল্পনে যে কোনো বয়সের ক্ষেত্রে প্রিমিয়াম হার অভিন্ন রাখা হয়েছে। তবে কর্মীদের প্রয়োজনীয়তা ও আর্থিক সামর্থ্য বিবেচনায় নিয়ে ৫ লাখ টাকা ও ২ লাখ টাকা বিমা অংকের দুটি বিমা পরিকল্পনা চালু করা হয়েছে।

বিমা গ্রহণের বয়স ১৮ থেকে ৫৮ বছর। আর বিমার মেয়াদ ২ বছর। তবে ২ বছর বিদেশে অবস্থানকালে নিজ অর্থায়নে আরও ২ বছরের জন্য বিমা পলিসি নবায়ন করা যাবে। বিদেশগামী সকল কর্মীর জন্য ২ লাখ টাকার বিমা বাধ্যতামূলক করা হয়েছে। আর ৫ লাখ টাকা বিমা অংকের পলিসি গ্রহণ ঐচ্ছিক।

২ লাখ টাকা বিমা অংকের পলিসির জন্য প্রিমিয়াম দিতে হবে ৯৯০ টাকা, আর ৫ লাখ টাকা বিমা অংকের পলিসির জন্য প্রিমিয়াম ২ হাজার ৪৭৫ টাকা। উভয় পরিকল্পনার ক্ষেত্রে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের তহিবল থেকে কর্মী প্রতি সর্বোচ্চ ৫০০ টাকা দেওয়া হবে। বাকি অর্থ কর্মীকে বহন করতে হবে। বিমার সুবিধা হিসেবে পলিসির মেয়াদের মধ্যে যে কোনো কারণে বিমা গ্রাহক মৃত্যুবরণ করলে বিমাকারী ও ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সাথে চুক্তিতে বর্ণিত বিমা গ্রহীতার বৈধ উত্তরাধিকারীকে বিমা অংকের ১০০ শতাংশ পরিশোধ করা হবে বলে প্রবাসী কর্মী বিমা নীতিমালায় উল্লেখ করা হয়েছে। (সূত্র: WEWB)

## বিদেশগামী কর্মীদের সুরক্ষায় বিমা

অন্যদিকে দুর্ঘটনাজনিত স্থায়ী ও সম্পূর্ণ অক্ষমতা সুবিধা হিসেবে দুর্ঘটনায় আঘাতের ফলে ৯০ দিনের মধ্যে মৃত্যুসহ অন্যান্য ক্ষতি হলে নির্ধারিত বিমা অংক প্রদান করা হবে। এই সুবিধার জন্য বাৎসরিক প্রিমিয়াম নির্ধারণ করা হয়েছে হাজারে ৩.৫০ টাকা। অর্থাৎ দুই বছর মেয়াদী ৫ লাখ টাকা বিমা অংকের পলিসির জন্য প্রিমিয়াম দিতে হবে ৩৫০০ টাকা।

তবে বিমা কভারেজ শুরু ১২ মাসের মধ্যে আত্মহত্যা করলে, এইডস বা এইচআইভিতে মৃত্যু হলে, উচ্চ ঝুঁকি যেমন মটর রেসিং, পেশাগত বক্সিং, স্কুবা ডাইভিং, হ্যান্ড গিডিং, প্যারাসুট, ঘোড়দৌড় প্রতিযোগিতা, পর্বতারোহণ ইত্যাদির কারণে মৃত্যু হলে বিমা গ্রহীতা কোনো বিমা অংকের অর্থ পাবে না।

এ ছাড়াও বিমা কভারেজ শুরুর পূর্ব থেকে বিদ্যমান শর্তাদিতে উল্লিখিত কারণ, অ্যালকোহল বা মাদকের কারণে মৃত্যু, যুদ্ধ, দাঙ্গা, বেসামরিক আন্দোলন বা সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে মৃত্যু এবং গুরুতর অপরাধের কারণে আইনে মৃত্যুদণ্ড হলেও বিমা গ্রহীতা কোনো বিমা অংকের অর্থ পাবে না।




## মহিলা অভিবাসী গৃহকর্মীদের বিশেষ অধিকারসমূহ

গৃহকর্ম অনেক দেশের শ্রম আইনের অধীনে অন্তর্ভুক্ত নয়, তাই গৃহকর্মীরা অনেক সময় বিভিন্ন নির্যাতনের শিকার হন। International Labour Organization সংক্ষেপে আইএলও কনভেনশন অনুযায়ী গৃহকর্মীদের নিম্নলিখিত অধিকার আছে।

১. কাজের সময়: গৃহকর্মীদের ন্যূনতম কাজের সময়, “স্ট্যাণ্ড বাই” সময় ও পরিমিত বিশ্রামের সময় পাওয়ার অধিকার আছে। তাদের সপ্তাহে একদিন ছুটি/বিশ্রাম পাওয়ার অধিকার আছে।
২. পারিশ্রমিক: গৃহকর্মীদের প্রতি মাসে নিয়মিত পারিশ্রমিক পাওয়ার অধিকার আছে।
৩. বাসস্থান: গৃহকর্মীদের ভালো বাসস্থান ও নিজের প্রয়োজনীয় কাগজপত্র নিজের কাছে রাখার অধিকার আছে। তাদের শারীরিক ও যৌন হয়রানি থেকে রক্ষা পাওয়ার ও ঝুঁকিপূর্ণ কাজ না করার অধিকার আছে।
৪. দেশে ফেরা: অভিবাসী গৃহকর্মীদের কাজের চুক্তি শেষ হলে দেশে ফিরে আসার অধিকার আছে।

অভিবাসী শ্রমিকগণ অবশ্যই মনে রাখবেন যে, মধ্যপ্রাচ্যের অনেক দেশই উপরে উল্লিখিত অধিকাংশ অধিকার সংরক্ষণ করে না। মধ্যপ্রাচ্যের দেশগুলো কাফালা ব্যবস্থার অধীনে অভিবাসী শ্রমিক নিয়োগ করে থাকে। কাফালা ব্যবস্থায় অভিবাসী শ্রমিকের অধিকার কাফিল/চাকরিদাতা/মালিক/ নিয়োগকর্তার ওপর সম্পূর্ণভাবে নির্ভর করে। এজন্য চাকরির চুক্তিপত্র ভালোভাবে বুঝতে হবে। উল্লিখিত অধিকারগুলো সম্পর্কে চাকরিদাতা ও শ্রমিকের মধ্যে চাকরির শুরুতে খোলামেলা আলোচনা শ্রমিকের ও মালিকের অধিকার সংরক্ষণে সহায়ক হবে।



## অভিবাসী শ্রমিকদের স্বাস্থ্য অধিকার ও বিমা পলিসি বিষয়ে জানতে আমাদের সাথে যোগাযোগ করুন

### অভিবাসী তথ্য কেন্দ্র

ঢাকা  
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড  
ইফাটন গার্ডেন  
ঢাকা-১০০০, বাংলাদেশ  
মোবাইল : +৮৮ ০১৭৩০৬৬৯৩৬

কুমিল্লা  
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুমিল্লা  
২৫, চান্দলা হাউজ  
বাগিচাগাও  
কুমিল্লা-৩৫০০  
বাংলাদেশ  
মোবাইল : +৮৮ ০১৭১৩০৮৬৩৩০

info@mrc-bangladesh.org


www.mrc-bangladesh.org

Migrant Resource Centre Bangladesh

mrc\_bangladesh

mrc\_bangladesh

সহযোগিতায়



Federal Department of Justice and Police FDJP  
State Secretariat for Migration SEM

বাঙ্গলায়নে



International Centre for Migration Policy Development